

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 17-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM Police Week :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনগণের সার্বিক সুরক্ষা প্রদানে ত্রিপুরা পুলিশ দায়বদ্ধভাবে কাজ করে চলছে। পুলিশের আন্তরিক প্রচেষ্টার ফলেই রাজ্য উল্লেখযোগ্যভাবে বিভিন্ন অপরাধের সংখ্যা হ্রাস পেয়েছে। গতকাল অরুণ্ধতীনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি স্টেডিয়ামে ত্রিপুরা পুলিশ সপ্তাহ উদ্যোগে উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

অনুষ্ঠানে টিএসআর, ত্রিপুরা পুলিশ এবং ট্রাফিক পুলিশের জওয়ানরা কুজকাওয়াজ প্রদর্শনের মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অভিবাদন জানান।

PM Start Up India :

স্টার্ট আপ ইন্ডিয়া কর্মসূচির ন'বছর পূর্তি উপলক্ষে গতকাল প্রধানমন্ত্রী মোদী বলেছেন, এই রূপান্তরমূলক কর্মসূচী অগণিত যুবার ক্ষমতায়ন করেছে এবং তাদের উদ্ভাবনী ধারণাগুলিকে সফল স্টার্টআপে পরিণত করেছে। তিনি জোর দিয়ে বলেন, Start Up India-র এই সাফল্য প্রতিফলিত করে যে আজকের ভারত গতিশীল, আত্মবিশ্বাসী এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত। তিনি স্টার্টআপ জগতের প্রত্যেক তরুণকে অভিনন্দন জানান এবং অন্যান্য তরুণদের এটি অনুসরণ করার আহ্বান জানান।

8th Pay Commission :

কেন্দ্ৰীয় সরকাৰি কৰ্মচাৰী এবং পেনশনভোগীদেৱ জন্য অষ্টম বেতন কমিশন গঠনেৱ কথা ঘোষণা কৱেছে কেন্দ্ৰ। নতুনদিল্লিতে গতকাল কেন্দ্ৰীয় তথ্য ও সম্প্ৰচাৰ মন্ত্ৰী অশ্বিনী বৈষ্ণব এই বিষয়ে বলেন, সপ্তম বেতন কমিশনেৱ মেয়াদ ২০২৬ সালে শেষ হতে চলেছে। শীঘ্ৰই কমিশনেৱ চেয়াৰম্যান ও দু'জন সদস্য নিয়োগ কৱা হবে।

Maan-Ki-Baat :

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী আগামী ১৯শে জানুয়াৰী রবিবাৰ সকাল ১১টায় আকাশবাণীৰ 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশেৱ জনগনেৱ সঙ্গে মতবিনিময় কৱবেন। এটি হবে 'মন-কি-বাত'-এৱ ১১৮তম পৰ্ব। প্ৰধানমন্ত্ৰী জনগনকে তাদেৱ সুচিত্তি চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোৱ আহ্বান জানিয়েছেন। my govt open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদেৱ মতামত পাঠাতে পাৱবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বৰে কল কৱে হিন্দি বা ইংৰেজিতে মতামত রেকৰ্ড কৱানো যাবে। এছাড়াও, 1922 নম্বৰে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS কৱা যাবে।

AIR Agartala Seminior:

আকাশবাণী আগৱতলা শহৱেৱ বিভিন্ন কলেজে এক ধাৰাবাহিক সেমিনারেৱ আয়োজন কৱেছে। এৱ মূল লক্ষ্য ছাত্ৰসমাজ এবং তৱণ প্ৰজন্মকে বিভিন্ন গুৱত্বপূৰ্ণ ও সমসাময়িক বিষয় সম্পর্কে সচেতন কৱা। এই সেমিনারগুলো তৱণদেৱ জ্ঞানেৱ পৱিত্ৰি বৃক্ষি কৱা, তাদেৱ সঠিক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা এবং সমাজে ইতিবাচক পৱিবৰ্তন আনাৱ জন্য গুৱত্বপূৰ্ণ ভূমিকা পালন কৱেছে। এই

ধারাবাহিক সেমিনারের পরবর্তী অনুষ্ঠান হবে আজ আগরতলার
বীর বিক্রম মেমোরিয়াল কলেজে।

Udalpool :

রাজধানীর রাধানগর স্ট্যান্ড থেকে আইজিএম হাসপাতাল চৌমুহনী
পর্যন্ত প্রস্তাবিত দ্বিতীয় উড়ালপুরের জন্য গতকাল কর্ণেল
চৌমুহনী এলাকায় মাটি পরীক্ষার কাজ শুরু হয়েছে। পরবর্তী
সময়ে ধাপে ধাপে আই জি এম হাসপাতাল চৌমুহনী পর্যন্ত চলবে
এই কাজ।

B.J.P-Kailashahar :

বিজেপি'র উদ্যোগে "সংবিধান গৌরব দিবস" পালন উপলক্ষ্যে
গতকাল কৈলাশহরের চন্দীপুরে এক কর্মশালা অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, জিলা পরিষদের
সদস্য বিমল কর, চন্দীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা
দাস পাল প্রমুখ।

Women college students :

যানবাহন চালকদের সচেতন করতে মহিলা মহাবিদ্যালয়ের ছাত্রীরা
গতকাল আগরতলার রাস্তায় সচেতনতামূলক প্রচারপত্র বিলি
করেছেন। মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিটের উদ্যোগে এই
কর্মসূচিতে বাইক, টমটম এবং অটো চালকদের সচেতন করা
হয়।

AMC :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ
ত্রিপুরা তৈরী করার পাশাপাশি এক আগরতলা শ্রেষ্ঠ আগরতলাও

তৈরী করতে প্রচেষ্টা চলছে। এই কাজে সবাইকে সহযোগিতা করতে হবো। আগরতলা পুরো নিগমের শারদ সম্মান-২০২৪ অনুষ্ঠানের উদ্বোধন করে গতকাল মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি আরও বলেন, আগরতলা, উদয়পুর ও ধর্মনগরকে স্যাটেলাইট টাউন তৈরী করার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী ও সাংসদ রাজীব ভট্টাচার্য নেশা মুক্ত ত্রিপুরা করার ক্ষেত্রে ক্লাবগুলোকে এগিয়ে আসার আহ্বান জানান।

Central Deligation:

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের বন্যানিয়ন্ত্রন বিভাগের কমিশনারের নেতৃত্বে পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল গতকাল সাব্রূম সফর করেন। তাঁরা ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী ফেনী নদীর পাড়ের ভূমিক্ষয় রোধে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে নেওয়া কাজগুলো পর্যবেক্ষণ করেন। এছাড়া মৈত্রী সেতুর পাশে নির্মিত পরিশোধিত পানীয় জলের জন্য নদী থেকে জল তোলার পরিকাঠামোগত বিষয়টিও খতিয়ে দেখেন।

ADC:

এডিসি এলাকার কিলা ও জম্পুইজলায় গতকাল দুটি স্প্রোটস স্কুলের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। দুটি অনুষ্ঠানেই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি বলেন, প্রতিভা বিকাশ ও পরবর্তী প্রজন্মকে তৈরি করতে এই দুটি স্কুল ভূমিকা নেবে। অনুষ্ঠানে এছাড়া ছিলেন এডিসির মুখ্য নির্বাহী সদস্য পূর্ণ চন্দ্র জমাতিয়া, নির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা, বিধায়ক রামপদ জমাতিয়া, প্রমুখ।

Weather:

আজকের আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা
সর্বচো ২৮ ডিগ্রী ও সর্বনিম্ন ১৩.৮ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি
থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ ডিগ্রী
সেলসিয়াস।

* * * * *

* * * * *